(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ অধিশাখা-৫
www.shed.gov.bd

নম্বর-৩৭.০০.০০০০.০৬৯.১৫.০৯৭.১৭-১৩০

তারিখ: ২২ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: জাতীয়করণকৃত আমতলী কলেজ, আমতলী, বরগুনা এর পদ সৃজন ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে বরগুনা জেলার আমতলী উপজেলাধীন জাতীয়করণকৃত আমতলী কলেজ এর ৩৭ (সাইত্রিশ) টি শিক্ষক ও কর্মচারীর পদ জাতীয়করণের তারিখ (০৭-০৪-২০১৬ খ্রি.) হতে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

| ক্রমিক | পদের নাম ও সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | প্রভাষক:<br>ইংরেজি-০১টি<br>অর্থনীতি-০১টি<br>সমাজবিজ্ঞান-০১টি<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-০১টি<br>ইসলাম শিক্ষা-০২টি<br>দর্শন-০২টি<br>পদার্থবিজ্ঞান-০২টি<br>রসায়ন-০১টি<br>গণিত-০২টি<br>প্রাণিবিজ্ঞান-০১টি<br>উদ্ভিদবিজ্ঞান-০২টি<br>ইতিহাস-০১টি<br>ভূগোল-০২টি<br>পরিসংখ্যান-০১টি<br>মৃত্তিকাবিজ্ঞান-০২টি<br>কৃষি শিক্ষা-০১টি<br>হিসাববিজ্ঞান-০১টি<br>মোট- ২৪ (চব্বিশ) টি | টাকা: ২২০০০-৫৩০৬০/- (জাতীয় বেতন স্কেল/১৫ অনুযায়ী) (গ্রেড-৯) | বাংলাদেশ সিভিল সার্ভিস রিক্রুটমেন্ট রুলস ১৯৮১ এর সংশ্লিষ্ট ক্যাডার নিয়োগবিধি দ্বারা পদ পূরণযোগ্য। |
| ২. | প্রদর্শক:<br>প্রাণিবিজ্ঞান-০১<br>উদ্ভিদ বিজ্ঞান-০১<br>মোট- ০২ (দুই) টি | টা: ১৬০০০-৩৮৬৪০/- (জা: বে:স্কেল/১৫ অনুযায়ী) (গ্রেড-১০) | কর্মকর্তা ও কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯১ এর তফসিলের ক্রমিক নং-৪ দ্বারা পূরণযোগ্য। |
| ৩. | সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার-০১টি | টা: ১০,২০০-২৪,৬৮০ (গ্রেড-১৪) | কর্মকর্তা ও কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর), নিয়োগ বিধিমালা, ১৯৯১ (সরকারি কলেজ, মাদরাসা ও টিটি কলেজ) এর তফসিলের ক্রমিক নং ০২ দ্বারা পূরণযোগ্য। |

| ক্রমিক | পদের নাম ও সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ৪. | করণিক কাম মুদ্রাক্ষরিক-০৩ টি | টাকা: ৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল/১৫ অনুযায়ী) (গ্রেড-১৬) | কর্মকর্তা ও কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯১ এর তফসিলের ক্রমিক নং-০৮ দ্বারা পূরণযোগ্য। |
| ৫. | অফিস সহায়ক-০৬ টি | টাকা: ৮২৫০-২০০১০/- (জাতীয় বেতন স্কেল/১৫ অনুযায়ী) (গ্রেড-২০) | কর্মকর্তা ও কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯১ এর তফসিলের ক্রমিক নং-২০ দ্বারা পূরণযোগ্য। |
| ৬. | পরিচ্ছন্নতা কর্মী-০১ টি | টাকা: ৮২৫০-২০০১০/- (জা: বে:স্কেল/১৫ অনুযায়ী) (গ্রেড-২০) | কর্মকর্তা ও কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯১ এর তফসিলের ক্রমিক নং-২১ দ্বারা পূরণযোগ্য। |
| | মোট=৩৭ (সাইত্রিশ) টি | | |

২. উপর্যুক্ত পদের ব্যয়ভার শিক্ষা মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট বরাদ্দের কোড নং-১২৫০২০৭০০০০০০-৩-৩১-৩১১১-১০১-২০১-৩০২-৩০৬-৩০৯-৩১০-৩১১-৩১৪-৩১৬-৩২৫-৩২৭-৩২৮-৩৩৫-৩৩৮ খাত হতে বহন করা হবে।

৩. এ শিক্ষা প্রতিষ্ঠানে কোন আত্তীকৃত শিক্ষক অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে বদলি হতে পারবেন না।

৪. কর্মকর্তাদের ক্যাডারভুক্তির প্রশ্ন থাকলে যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ক্যাডারভুক্তির বিষয়টি নিষ্পত্তি করা হবে।

৫. পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ সংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের ম.প.বি./ক:বি:শা:/ক.প.গ.-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করা হবে।

৬. প্রাপ্যতার অধিক পদসমূহের পদধারীদের বদলি এবং বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

৭. প্রয়োজনীয় যোগ্যতার অধিকারী নহেন এমন অ-শিক্ষক কর্মচারীদের আত্তীকরণের ক্ষেত্রে জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০০০ এর অনুচ্ছেদ ৪(২) প্রযোজ্য হবে।

৮. ১৪ হতে ২০ গ্রেডভুক্ত পদের পদধারীদের স্বেচ্ছায় অবসরগ্রহণ, মৃত্যুবরণ, চাকুরিচ্যুত বা অন্যকোন কারণে অবসরগ্রহণের পর পদ শূন্য হলে শূন্যকৃত পদ পূরণের ক্ষেত্রে আউটসোর্সিং নীতিমালা অনুসরণ করা হবে।

৯. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩-০৯-২০১৮খ্রিষ্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.০১৪.১৮-১৪৩নং স্মারক, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ২৪-০৯-২০১৮ খ্রিষ্টাব্দ তারিখের ০৭.১৫৩.০১৫.০২.০০.২৩.২০১৮-৪১২ নং স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০২-১০-২০১৮খ্রিষ্টাব্দ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩৭.০০৩.২০১৭-১৫৭ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা) ০১-১১-২০১৮ খ্রিষ্টাব্দ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১৬.১৮-৫৩৬নং স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ রাশেদুল ইসলাম)
উপসচিব
ফোন-৯৫৪৬০৫৬

নম্বর-৩৭.০০.০০০০.০৬৯.১৫.০৯৭.১৭-১৩০ তারিখ: ২২ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ / ০৬ নভেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

অতিরিক্ত সচিব (ব্যঃ নিঃ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর নিকট ০৩(তিন) কপি প্রেরণ করা হলো। ০১(এক) কপি পৃষ্ঠাংকন করে শিক্ষা মন্ত্রণালয় এর প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ৪৫, পুরানা পল্টন, ঢাকা এবং ০১(এক) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ রাশেদুল ইসলাম)
উপসচিব

নম্বর- ০৭.১৫৫.০১৪.০২.০০.২৬.২০১৮-৬৮ তারিখ: ৬১/১১/১৮

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১.প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫,পুরানা পল্টন, ঢাকা।
২.উপসচিব (সরকারি কলেজ অধিশাখা: ০৫), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।

যুগ্ম সচিব
(ব্যয় ব্যবস্থাপনা-৩ শাখা)
অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়

নম্বর-৩৭.০০.০০০০.০৬৯.১৫.০৯৭.১৭-১৩০ তারিখ: ২২ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ / ০৬ নভেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, সওব্য, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫। উপসচিব (সরকারি কলেজ-০১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬। উপসচিব (সরকারি কলেজ-০২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭। অধ্যক্ষ, সরকারিকৃত আমতলী কলেজ, আমতলী, বরগুনা।
০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(অত্র মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা (সরকারি কলেজ),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,...................................

(মোহাম্মদ রাশেদুল ইসলাম)
উপসচিব